



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. General Part-II Examinations, 2017

বাংলা-সাধারণ

তৃতীয় পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১. “রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ প্রবন্ধটি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের ঠিক ঠিক সমালোচনা নয় – প্রবন্ধটি ক্লাসিক কাব্যের রোমান্টিক ভাষ্য – এটি রসঘন মৌলিক সৃষ্টি।” — আলোচনা করো। ১৫

অথবা

“আজ জাতিতে জাতিতে একত্র হচ্ছে অথচ মিলছে না। এরই বিষম বেদনায় সমস্ত পৃথিবী পীড়িত।” – ‘শিক্ষার মিলন’ প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের মন্তব্যটি বিচার করো। ১৫

২. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “ত্যাগের দ্বারাই বলের পরিচয় ঘটে।” — প্রসঙ্গ নির্দেশ করে মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৫
- (খ) “অন্তরে প্রেম বলে সত্যটি যদি থাকে তবে তার সাধনায় ভোগকে হতে হয় সংযত, সেবাকে হতে হয় খাঁটি।” — উক্তিটির মর্মার্থ ব্যাখ্যা করো। ৫

- (গ) “এই রূপে জ্যোতিহীন, গতিহীন, বৈচিত্র্যহীন কালিমালিপ্ত একাকারের দিনে  
ব্যাঙের ডাক ঠিক সুরটি জাগাইয়া থাকে।” — প্রসঙ্গ নির্দেশ করে লেখকের  
বক্তব্য বুঝিয়ে দাও। ৫
৩. “আগ্রার রাজপরিবারের সঙ্গে সপ্তগ্রামের বাঙালি পরিবারের যোগস্থাপন  
স্বাভাবিক ও সঙ্গত হয় নাই।” — ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের ঘটনা সমাবেশ  
ও কাহিনিবৃত্ত বিশ্লেষণ করে সমালোচকের এই মন্তব্যের যৌক্তিকতা বিচার  
করো। ১৫
- অথবা
- “কপালকুণ্ডলার জীবন ও চরিত্র বিশ্লেষণ করিলে দুইটি দুর্নিবার প্রভাবের  
ক্রিয়া লক্ষ করা যায়, একটি প্রকৃতির প্রভাব, অন্যটি তাত্ত্বিকতার প্রভাব।” —  
মন্তব্যটির যাথার্থ্য নির্ণয় করো। ১৫
৪. নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ‘যদি শাস্ত্র বুঝিয়া থাকি, তবে তীর্থ দর্শনে যেরূপ পরকালের কর্ম হয়, বাটা  
বসিয়াও সেরূপ হইতে পারে।’ — বক্তা কে ? উক্তিটির তাৎপর্য কি ? ১+৪
- (খ) ‘বাঙ্গালী অবস্থার বশীভূত, অবস্থা বাঙ্গালীর বশীভূত হয় না।’ — প্রসঙ্গ নির্দেশ  
করে মন্তব্যটির মর্মার্থ বুঝিয়ে দাও। ৫
- (গ) ‘এক আকাশে কি চন্দ্র সূর্য উভয়েই বিরাজ করেন না ? এক বৃন্তে কি দুটি ফুল  
ফোটে না।’ — কে কার প্রতি এই উক্তি করেছে ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে  
দাও। ২+৩
৫. ‘পল্লীসমাজ’ উপন্যাসে তৎকালীন বাংলাদেশের গ্রামীণ সমাজের যে চালচিত্র  
অঙ্কিত হয়েছে - তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫
- অথবা
- রমা চরিত্রটি অঙ্কনে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করো। ১৫

৬. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ‘আজকের দিনটা আমার নিন্দা-সুখ্যাতির বাইরে।’ — কে কার প্রতি এই উক্তি করেছে ? ওই দিনটিকে তার নিন্দা-সুখ্যাতির বাইরে মনে হয়েছে কেন ? ২+৩
- (খ) ‘মানুষ খাঁটি কি না চেনা যায় শুধু টাকার সম্পর্কে।’ — কে কার উদ্দেশ্যে এই উক্তি করেছে ? তার এরূপ উক্তির কারণ কি ? ২+৩
- (গ) ‘কয়লাকে ধুয়ে তার রং বদলানো যায় না, তাকে আগুনে পোড়াতে হয়।’ — কে কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৩+২
৭. “সংসারের জমি থেকে প্রেমকে উৎপাটিত করে আনলে সে আপনার রস আপনি যোগাতে পারে না, তার মধ্যে বিকৃতি ঘটতে থাকতে থাকে।”— রবীন্দ্রনাথের এই ভাবনা ‘রাজা ও রানী’ নাটকে কতখানি প্রতিফলিত হয়েছে, তা আলোচনা করো। ১৫
- অথবা
- সুমিত্রা ও ইলা চরিত্রের তুলনামূলক আলোচনা করো। ১৫
৮. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ‘অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী’ — কার প্রতি কার এই উক্তি ? কোন্ প্রসঙ্গে এই উক্তি ? ২+৩
- (খ) ‘সুখের ছায়ার চেয়ে সুখ ভালো, দুঃখ সেও ভালো।’ — কোন্ প্রসঙ্গে এই উক্তি ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৩+২
- (গ) ‘কি হইবে মিথ্যা আশীর্বাদে ? আপনারে রক্ষা করে আপনার বাহা।’ — কে কার প্রতি এই উক্তি করেছে ? কোন্ প্রসঙ্গে তার এই উক্তি ? ২+৩

৯. 'পুঁইমাচা' গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি সার্থক হয়েছে বিচার করো। ১৫
- অথবা
- "উপস্থিত বুদ্ধি, সংগ্রামী মেজাজ, কটকৌশল এবং মাতৃহৃদয়ে ময়নার মা বাংলা সাহিত্যে এক অপূর্ব চরিত্র" — 'হারানের নাতজামাই' গল্পের ময়নার মায়ের চরিত্র বিশ্লেষণ করে এই মন্তব্যের সার্থকতা বিচার করো। ১৫
১০. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) 'মাটির নীচে অন্ধকার রাজ্যের অধিবাসী উই; মধ্যে মধ্যে আলোক-কামনায় তাহাদের পক্ষোদগম হইলে আর রক্ষা থাকে না।' — কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩
- (খ) 'জোতদারের সাথে, দারোগা পুলিশের সাথে লড়াই করা চলে, অবুঝ পাষণ্ড জামায়ের সাথে লড়াই নেই।' — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (গ) 'জানালায় ধারে দু'একদিন এগিয়ে না গেছি তা নয়, শিকও ধরেছি, কিন্তু ভাঙিনি।' — কোন্ প্রসঙ্গে কার এই স্বগতোক্তি? এই উক্তির গভীরে নিহিত তাৎপর্যটি ব্যাখ্যা করো। ৩+২